

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৫৫

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি এই ধারণা করে যে, নাপাক ব্যক্তি পুকুরে গোসল করলে পুকুরের সব পানি নাপাক হয়ে যায়, তার ধারণা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن اغْتِسَالَ الْجُنُبِ فِي الْبِئْرِ يُنَجِّس مَا فِيهِ من الماء

আরবী

1255 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا جَرِيرٌ عَنِ الشَّيْبَانِيِّ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ حُذَيْفَةَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم جَرِيرٌ عَنِ الشَّيْبَانِيِّ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ حُذَيْفَةَ قَالَ: فَرَأَيْتُهُ يَوْمًا بُكْرَةً فَحِدْتُ عَنْهُ ثُمَّ أَتَيْتُهُ إِذَا لَقِيَ الرجل من أصحابه مَسَحَهُ وَدَعَا لَهُ قَالَ: فَرَأَيْتُهُ يَوْمًا بُكْرَةً فَحِدْتُ عَنْهُ ثُمَّ أَتَيْتُهُ حِينَ ارْتَفَعَ النَّهَارُ فَقَالَ: (إِنِّي رَأَيْتُكَ فَحِدْتُ عَنِي) فَقُلْتُ: إِنِّي كُنْتُ جُنُبًا فَخَشِيتُ أَنْ حِينَ ارْتَفَعَ النَّهَارُ وَقَالَ: (إِنِّي رَأَيْتُكَ فَحِدْتُ عَنِي) فَقُلْتُ: إِنِّي كُنْتُ جُنُبًا فَخَشِيتُ أَنْ تَمسَّنِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ الْمُسْلِمَ لَا يَنْجُسُ) تمسَّني فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ الْمُسْلِمَ لَا يَنْجُسُ) الراوي : حُذَيْفَة ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصدان على صحيح ابن حبان المصدث: صحيح.

বাংলা

১২৫৫. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন কোন সাহাবীর সাথে সাক্ষাৎ করতেন, তখন তাকে হাত দিয়ে বুলিয়ে দিতেন এবং তার জন্য দু'আ করতেন। রাবী বলেন, একদিন সকালে তাঁর সাথে আমার সাক্ষাৎ হলে আমি তাঁর থেকে সরে পড়ি তারপর আমি বেলা উঁচুতে উঠার পর আমি তাঁর কাছে আসি, তখন তিনি বলেন, "আমি (সকালে) তোমাকে দেখলাম আর তুমি আমার থেকে সরে গেলে!" আমি বললাম, আমি নাপাক ছিলাম, ফলে আমার আশংকা হলো যে, আপনি আমাকে স্পর্শ করবেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই মু'মিন ব্যক্তি (আভ্যন্তরিনভাবে) নাপাক হয় না।"[1]

ফুটনোট



[1] নাসাঈ: ১/১৪৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৭৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২২৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন